

Press Release

লক্ষ্য :-

(UPSC- পরিচালিত কেন্দ্রীয় সিভিল সার্ভিস পরীক্ষায় প্রিলিমিনারি উত্তীর্ণ পরীক্ষার্থীদের জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর বৃত্তি প্রদান প্রকল্প)

১। প্রকল্পের প্রেক্ষাপট :- রাজ্যের প্রশাসনিক স্তরের উচ্চ আধিকারিকরা মূলত: কেন্দ্রীয় সিভিল সার্ভিস ও ত্রিপুরা সিভিল সার্ভিস পরীক্ষার মাধ্যমে নিয়োজিত হন। IAS পরীক্ষার মাধ্যমে এই আধিকারিকগন কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রকো কৰ্মরত আছেন। তাদের নিয়োগ করা হয় UPSC পরিচালিত কেন্দ্রীয় সিভিল সার্ভিস পরীক্ষার মাধ্যমে। পাশাপাশি, UPSC পরিচালিত সিভিল সার্ভিস পরীক্ষার মাধ্যমে IAS,IFS,IPS এবং অন্যান্য কেন্দ্রীয় গ্রুপ-A ও B আধিকারিকগনকেও নিয়োগ করা হয়। কিন্তু আমাদের ত্রিপুরা রাজ্য থেকে সীমিত সংখ্যক পরীক্ষার্থীই কেন্দ্রীয় সিভিল সার্ভিস পরীক্ষায় সফলতা অর্জন করতে পারে। তাই UPSC পরিচালিত কেন্দ্রীয় সিভিল সার্ভিস পরীক্ষায় এই রাজ্যের তরুণদের উৎসাহিত করার লক্ষ্যে সরকার 'লক্ষ্য' নামক মুখ্যমন্ত্রী বৃত্তি প্রদান করার পরিকল্পনা গ্রহন করেছেন।

২। প্রকল্পের উদ্দেশ্য :- ত্রিপুরায় স্থায়ী বসবাসকারী পরীক্ষার্থীদের UPSC পরিচালিত সিভিল সার্ভিস পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার লক্ষ্যে এই বৃত্তি প্রদান করা হবে। UPSC পরিচালিত সিভিল সার্ভিস পরীক্ষায় এই রাজ্যের পরীক্ষার্থীদের প্রথম পর্যায়ে prelims অর্থাৎ প্রাথমিক থেকে main অর্থাৎ প্রধান পরীক্ষায় বসার এবং দ্বিতীয় পর্যায়ে Main-থেকে Interview অর্থাৎ মৌখিক পরীক্ষায় সাফলতা অর্জনে সাহায্য করার লক্ষ্যে সরকার এই পদক্ষেপ গ্রহন করেছেন।

৩। প্রকল্পে অন্তর্ভুক্ত হওয়ার যোগ্যতা :- UPSC পরিচালিত সিভিল সার্ভিস পরীক্ষার্থীদের অবশ্যই ত্রিপুরার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং প্রত্যেকের বাৎসরিক পারিবারিক আয় ১০ লক্ষ টাকার বেশী হতে পারবে না।

৪। বাস্তবায়ন :- ত্রিপুরা সরকারের উচ্চশিক্ষা দপ্তরের সাহায্যে এই 'লক্ষ্য' প্রকল্পটি বাস্তবায়িত হবে।

৫। কার্যপ্রণালী :- এই বৃত্তি বাস্তবায়নের লক্ষ্যে যোগ্য প্রার্থীদের প্রিলিমিনারি পরীক্ষার ফলাফল ঘোষিত হওয়ার পর দুই মাসের মধ্যে উচ্চশিক্ষা অধিকর্তার নিকট আবেদন করতে হবে। আবেদন দপ্তরের ওয়েবসাইটে অনলাইনে করতে হবে

৬। প্রকল্পের সুবিধা :- প্রতি বছর যে সমস্ত পরীক্ষার্থীদের এই সুযোগ দেওয়া হবে -

ক) যারা UPSC পরিচালিত সিভিল সার্ভিস পরীক্ষায় প্রাথমিক থেকে উত্তীর্ণ হয়ে প্রধান পরীক্ষায় বসার অনুমতি পাবে এবং

খ) যারা প্রধান থেকে উত্তীর্ণ হয়ে মৌখিক পরীক্ষায় বসার অনুমতি পাবে।

*এই বছর এই রাজ্য থেকে কেবলমাত্র পাঁচ জন পরীক্ষার্থী প্রাথমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছিল। গত আট বছরে এর সংখ্যা ছিল ৫-এর থেকেও কম।

*UPSC পরিচালিত সিভিল সার্ভিস পরীক্ষার্থীদের জন্য নতুন এই প্রকল্প চালু করার ফলে এই রাজ্যে আগামী বছরে কমপক্ষে পাঁচ জন পরীক্ষার্থী প্রাথমিক পর্যায়ের পরীক্ষায় সফলতা অর্জন করতে সক্ষম হবে।

*প্রথম পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার্থীদের এককালীন এক লক্ষ টাকা (মং ৭০,০০০ কোটিং সেন্টারের বিভিন্ন আনুসঙ্গিক খরচ ও মং ৩০,০০০ যাতায়াতের খরচ) ও দ্বিতীয় পর্যায়ে Main অর্থাৎ প্রধান পরীক্ষার জন্য ২০,০০০ (কুড়ি হাজার) টাকা বৃত্তি প্রদান করা হবে। অর্থাৎ দুটি স্তরে উত্তীর্ণদের মোট ১ লক্ষ ২০ হাজার টাকা করে বৃত্তি প্রদানের সংস্থান এই প্রকল্পে রয়েছে।

যারা এই পর্যায়ে মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হবে তাদের জন্য নতুন দিল্লীর ত্রিপুরা ভবনে বিনামূল্যে থাকার সুব্যবস্থা করা হবে।

- ৮। যোগ্য প্রার্থী হওয়ার শর্তাবলী :- প্রার্থী অবশ্যই রাজ্যে কোচিং নেওয়ার ক্ষেত্রে এই বিশেষ প্রকল্পের অধীনে যোগ্য বলে বিবেচিত হতে হবে।
- *পরীক্ষার্থীকে UPSC পরিচালিত সিভিল সার্ভিস প্রাথমিক, প্রধান ও মৌখিক পরীক্ষার প্রমান পত্র (যেখানে যা প্রয়োজ্য) জমা দিতে হবে।
 - * প্রত্যেক পরীক্ষার্থীকে তাদের Admit Card, Hall Ticket ও Roll Slip কর্তৃপক্ষের কাছে জমা দিতে হবে।
 - * পরীক্ষার্থী যে ত্রিপুরার স্থায়ী বাসিন্দা (উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট)-এর প্রমান পত্র জমা দিতে হবে।
 - *পরীক্ষার্থীকে অবশ্যই SDM/DCM/DC-এর কাছ থেকে সই করা ইনকাম সার্টিফিকেট জমা দিতে হবে।
 - *পরীক্ষার্থী Main পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হলে পরীক্ষার দুই মাস আগে কর্তৃপক্ষকে জানাতে হবে এবং অন্যদিকে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত হলেও একই ভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে।
 - * পরীক্ষার্থী যদি রাজ্যের বাইরে কোন প্রশিক্ষন কেন্দ্রে ভর্তি হয় তার প্রমান পত্র জমা দিতে হবে।
 - *কোন প্রার্থীর ক্ষেত্রে (যতবারই পরীক্ষায় বসা হোক না কেন) সর্বোচ্চ যোগ্যতার ভিত্তিতে দুইবার বৃত্তি প্রদান করার সংস্থান এই প্রকল্পে রয়েছে।

৯। পরীক্ষার্থীকে আর্থিক সাহায্যের শর্তাবলী :-

- ক) কর্তৃপক্ষ পরীক্ষার্থীকে প্রাথমিক পরীক্ষার ফলাফল ঘোষনার দিন থেকে Main পরীক্ষার শেষ পত্রের পরীক্ষার দিন পর্যন্ত সময়কালের মধ্যে এই বৃত্তি প্রদান করতে পারবেন।
- খ) দ্বিতীয় পর্যায়ে Main পরীক্ষার ফলাফল ঘোষনার দিন থেকে মৌখিক পরীক্ষার শেষ পত্রের পরীক্ষার দিন পর্যন্ত সময়কালের মধ্যে এই বৃত্তি প্রদান করতে পারবেন।
- গ) DBT প্রক্রিয়ায় (অনলাইন) মাধ্যমে এই সাহায্য প্রদান করা হবে।
- ঘ) সংশ্লিষ্ট দপ্তর প্রার্থীদের থেকে feed back নেওয়ার ব্যবস্থা করবে।

১০। তহবিল প্যাটার্ন :- এই খাতে খরচ ত্রিপুরা সরকার বহন করবেন। বর্তমান আর্থিক বছরের বাজেটে Stipend/Scholarship Head-এ ৬০ লক্ষ টাকার সংস্থান রয়েছে।

১১। মূল্যায়ন :- আর্থিক সাহায্য প্রদানের ক্ষেত্রে কাল বিলম্বিত যাতে না হয় তার জন্য দপ্তর তদারকির জন্য ব্যবস্থা গ্রহন করবে। তাছাড়া প্রতি তিন বছর আন্তর আন্তর এই প্রকল্পের মূল্যায়ন ও উপযোগিতা পরীক্ষা করে দেখা হবে।